কারা অধিদপ্তর
অতিঃ কা ম প
কা উ ম প (স:দ)
স কা ম প (প্রশাঃ)
স কা ম প (অর্থ/আইঃ)
স কা ম প (উন্নঃ)
স কা ম প (পরিঃ/প্রশিঃ)
এস ও/পিএ
☐ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন
☐ পরীক্ষান্তে উপস্থাপন করুন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ আলোচনা করুন
কারা মহাপরিদর্শক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট মার্চ, ২০২২-এর বিভাগীয় কমিশনার সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ১৩ মার্চ ২০২২ |
| সভার সময় | সকাল ১০.৪৫-১১.৪৫ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

যোগাযোগ শাখা
পত্র ডায়েরী নং ৬৮
তাং ২১/০৩/২২

সভার শুরুতে সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানানো হয় এবং মাদকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য একটি সমন্বিত কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan)-প্রণয়নের জন্য সিলেট বিভাগে অনুষ্ঠেয় একটি কর্মশালায় সচিব মহোদয় সিলেটে অবস্থান করছেন বলে সভাকে অবহিত করা হয়। বিভাগীয় কমিশনারবৃন্দ মাঠ পর্যায়ে সরকারের সকল কর্মসূচি ও উন্নয়ন কর্মকাণ্ড তদারকি ও সমন্বয়ের দায়িত্বের কেন্দ্রবিন্দুতে নিয়োজিত রয়েছেন। তাঁদের সার্বিক সহযোগিতায় সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রম আরও গতিশীল হবে মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হলে উপস্থিত অধিদপ্তর প্রধান ও বিভাগীয় কমিশনারগণ জনগণকে প্রদত্ত সেবার মানন্নোয়ন ও গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২। **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়িকরণ:** ২৮ ডিসেম্বর ২০২১-এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। **অধিদপ্তরওয়ারি আলোচনা :**

<u>ক. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :</u>

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক | **মাদকের বিরুদ্ধে গণসচেতনতা জোরদারকরণ:** সভায় উপস্থিত অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান, ডিসেম্বর, ২০২১ হতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ১,৭০৭টি মাদকবিরোধী সভা/সেমিনার/ওয়ার্কসপ ও ৮৫টি স্থানে মাদকবিরোধী ফিলার প্রদর্শন করা হয়েছে।<br><br>ডিসেম্বর, ২০২১ হতে ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত ৩১,১৭৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩১,০৮০টি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠন করা হয়েছে। এছাড়াও মাদকের ক্ষতিকর তথ্য সংবলিত ডিসপ্লে স্ট্যান্ড-৩,৭৭৩টি, লিফলেট-১৮০,০০০টি, স্টিকার-৪১,১৮০টিসহ দেশের ৫টি বিভাগীয় ও | ১) জনসচেতনতা সৃষ্টি করে মাদকের চাহিদা হ্রাস, আইন প্রয়োগকারী সকল সংস্থাকে যুক্ত করে দেশে মাদকের প্রবাহ রোধ করে সরবরাহ নিয়ন্ত্রণ এবং ক্ষতি কমাতে আসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-এর কার্যক্রমকে আরো বেগবান করতে হবে।<br><br>২) মাদকের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সারাদেশে মাদকবিরোধী সভা-সমাবেশ, সেমিনার এবং যে সকল জায়গায় জনসমাগম বেশি যেমন, রেল | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/বিভাগীয় কমিশনার (সকল)/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ প্রধান |

| | | | |
|---|---|---|---|
| | | সম্পন্ন করতে হবে; | |

## গ. কারা অধিদপ্তর :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক | **কারাগার পরিদর্শন:** কারা উপমহাপরিদর্শক কর্তৃক ৩৯টি, বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ কর্তৃক ১১৪টি, বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ১০টি বেসরকারি কারাপরিদর্শকগণ কর্তৃক ১৭টি, মন্ত্রণালয়ের প্রতিনিধি কর্তৃক ৫টি কারাগার এবং কারা মহাপরিদর্শক কর্তৃক ময়মনসিংহ ও জামালপুর কেন্দ্রীয়/জেলা কারাগার করা হয়। | ১)জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক কারাগারসমূহ আকর্ষিক পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br><br>২)পর্যবেক্ষণ/সুপারিশ পরিদর্শন বইয়ে মন্তব্যসহ লিপিবদ্ধ করতে হবে।<br><br>৩)গুরুতর কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিবেদন আকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | কারা মহাপরিদর্শক/বিভাগীয় কমিশনার (সকল) |
| খ | **কারাবন্দিদের হাসপাতালে অবস্থান:**০১ মার্চ ২০২২-এ কারাগারে আটক বন্দির সংখ্যা ৮৬,৩৮৬ জন। তন্মধ্যে, কারাগারের বাহির হাসপাতালে চিকিৎসাধীন কয়েদি/হাজতি বন্দিদের ফেব্রুয়ারি, ২০২২-এ ১ম পাক্ষিক অনুসারে ৮৭ জন বন্দি চিকিৎসাধীন রয়েছে। বাংলাদেশের বিভিন্ন কারাগারে আটক বাহির হাসপাতালে চিকিৎসাধীন বন্দিদের মাসিক/পাক্ষিক ভিত্তিতে তালিকা নির্ধারিত ছক মোতাবেক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়। | ১)সিভিল সার্জন এর সহায়তায় দৈবচয়ন পদ্ধতিতে কারাভ্যন্তরে এবং কারাগারের বাইরের হাসপাতালে ভর্তিকৃত কারাবন্দিদের শারিরীক অবস্থার খোঁজ-খবর নিয়ে হাসপাতালে ভর্তি হওয়ার যৌক্তিকতা যাচাই কার্যক্রম অব্যাহত রাখতে হবে; | কারামহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ কারা অনুবিভাগ প্রধান |

| | | | |
|---|---|---|---|
| গ. | **কারাগারের জন্য জমি অধিগ্রহণ:** খাগড়াছড়ি জেলা কারাগারের প্রস্তাবিত ১১.৫৪ একর জমি কারাগারের অনুকূলে স্থায়ী বন্দোবস্ত প্রদানের জন্য কারা কর্তৃপক্ষ নিয়মিতভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ অব্যাহত রেখেছে।<br><br>মৌলভীবাজার জেলা কারাগারের জন্য ২.৭৪৫০ একর জমি অধিগ্রহণের লক্ষ্যে প্রাপ্ত এল এ প্রাক্কলন মোতাবেক সম্পূর্ণ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। এখন জেলা প্রশাসক কর্তৃক জমি বুঝিয়ে দেয়ার অপেক্ষায় আছে। | ১)খাগড়াছড়ি জেলা কারাগারের প্রস্তাবিত ১১.৫৪ একর জমি স্থায়ী বন্দোবস্ত প্রদানের জন্য চলমান বন্দোবস্তী মামলার ব্যাপারে কার্যকরি ব্যবস্থা গ্রহণের পার্বত্য জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২)মৌলভীবাজার জেলা কারাগারের জন্য ৩.০৩ একর জমির অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে জেলা প্রশাসক, মৌলভীবাজারকে বিভাগীয় কমিশনার, সিলেট কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | বিভাগীয় কমিশনার,চট্টগ্রাম, সিলেট/ কারা মহাপরিদর্শক/ কারা অনুবিভাগ প্রধান। |
| ঘ. | **কারাগারের খাদ্যের মান তদারকিকরণ:** কারা ক্যান্টিন নীতিমালা প্রণয়ন করে অনুমোদনের জন্য কারা অধিদপ্তর হতে ০৭.১২.২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | ১)খাদ্যের মান স্বাভাবিক রাখতে নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২)কারা ক্যান্টিনসমূহের মূল্য তালিকা ও খাবারের মানের উপর নজরদারি আরো বৃদ্ধি করতে হবে। | বিভাগীয় কমিশনার(সকল) /কারা মহাপরিদর্শক/ কারা অনুবিভাগ প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ৬ | **কারাগারের নামে অধিগ্রহণকৃত জমির রেকর্ড সংশোধন :** ৭৩টি (পুরাতন ৫টিসহ) কারাগারের মধ্যে ৪০টি কারাগারের জমি কারা কর্তৃপক্ষের নামে রেকর্ডভূক্ত। অপর ৩৩টি কারাগারের মধ্যে ৯টি কারাগারের জমির রেকর্ড সংশোধনের জন্য দায়েরকৃত মামলা চলমান রয়েছে। ২৪টি কারাগারের জমি কারাগারের নামে রেকর্ডভূক্ত করার লক্ষ্যে মামলা দায়ের করার জন্য কাগজপত্র সংগ্রহের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সহযোগিতা প্রয়োজন। ৯টি (মাদারীপুর-২, ময়মনসিংহ, মৌলভীবাজার, খাগড়াছড়ি, চাঁদপুর, রাজশাহী, কিশোরগঞ্জ-২ ও শরীয়তপুর) কারাগারের জমির রেকর্ড সংশোধনের বিষয়ে মামলা চলমান রয়েছে। শরীয়তপুর জেলা কারাগারের জমির রেকর্ড সংশোধনের গেজেট জারির অপেক্ষায় রয়েছে। | ১)কারাগারের নাম অধিগ্রহণকৃত জমির রেকর্ড সংশোধনের জন্য সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত দেওয়ানি মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>২)৪টি (মাদারীপুর, মৌলভীবাজার, চাঁদপুর ও রাজশাহী) কারাগারের জমির রেকর্ড সংশোধনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/কারা অনুবিভাগ প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| ৮. | **অবৈধভাবে দখলকৃত কারাগারের জমি উদ্ধার:** সিলেট কেন্দ্রীয় কারাগার-২ (পুরাতন কারাগার) এর জমির বিষয়ে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মহামান্য আদালতের সাথে যোগাযোগ রাখা হচ্ছে। | ১)চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগারের আরপি গেইট সংলগ্ন সীমানা প্রাচীর সংক্রান্তে বিজ্ঞ অতিরিক্ত জেলা জজ, চাঁপাইনবাবগঞ্জ আদালতে মামলা, শরীয়তপুর জেলা কারাগারের ৩০০ ফুট সীমানা প্রাচীর নির্মাণ সংক্রান্ত মহামান্য সুপ্রীম কোর্টে দায়েরকৃত লিভ টু আপিল মামলা, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারের জমি সংক্রান্ত মামলা দ্রুত নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>২)সিলেট কেন্দ্রীয় কারাগারের ৮৮ শতাংশ জমি পৌর বিপনী মার্কেট এবং ৩.৬১৮৮ একর-এর পুকুর (ধোপাদীঘি) সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক লিজ দেওয়ায় কারা কর্তৃপক্ষের বেদখলে থাকা জমি উচ্ছেদ সংক্রান্ত মহামান্য হাই কোর্টে রিট মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিভাগীয় কমিশনার, সিলেট কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>৩)নোয়াখালী জেলা কারাগারের জমি দখল রোধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ কারা অনুবিভাগ প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ছ. | কারাবন্দিদের **শ্রেণিবিন্যাসকরণ:** বাংলাদেশ পুলিশ হেড কোয়াটার্স থেকে জঙ্গি, শীর্ষ সন্ত্রাসী এবং গুরুতর অপরাধী বন্দির প্রকৃতিসম্বলিত তালিকা নিয়মিতভাবে প্রতিমাসে কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়। উক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট বন্দির নিরাপত্তা নিশ্চিত করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ১)কাস্টুডি ওয়ারেন্টে Risk Level উল্লেখপূর্বক কোর্ট ইন্সপেক্টরগণের সহযোগিতায় কারাবন্দিদের শ্রেণিবিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে:<br><br>২)কারাগারে আটক শীর্ষ সন্ত্রাসী, জঙ্গি এবং গুরুত্বর অপরাধীদের আদালতে আনা-নেওয়ার ক্ষেত্রে আরো সতর্কতা অবলম্বন করতে হবে।<br><br>৩)যে সকল জঙ্গি চাঞ্চল্যকর মামলায় কারাগারে বন্দি আছে তাদেরকে বিভিন্ন সেলে ছড়িয়ে-ছিটিয়ে রাখার ব্যবস্থাসহ নিয়মিত নজরদারি অব্যাহত রাখতে হবে। | কারামহাপরিদর্শক, কারা অধিদপ্তর/ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ কারা অনুবিভাগ প্রধান |
| জ. | **কারা বন্দিদের চিকিৎসা সেবা প্রদান:** বর্তমানে ৯৯ জন চিকিৎসক বিভিন্ন কারাগারে কর্মরত রয়েছেন। কাশিমপুর ২০০ শয্যা বিশিষ্ট কারা হাসপাতালসহ সকল কারা হাসপাতালের শূন্যপদে জরুরিভিত্তিতে প্রেষণে চিকিৎসক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য কারা অধিদপ্তর হতে ০২.০৯.২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগে পুনরায় পত্র প্রেরণ করা হয়। | ১)কারা বন্দিদের চিকিৎসা সেবা প্রদানের জন্য চিকিৎসকের স্বল্পতা হেতু কোন কারাবন্দির চিকিৎসা প্রদানে যেন ব্যাঘাত সৃষ্টি না হয় সে জন্য জরুরি চিকিৎসা প্রদানে হাসপাতালসমূহে কর্মরত ডাক্তারগণের মধ্য হতে কারাগারের জন্য ডাক্তার সুনির্দিষ্ট করে দিতে হবে। | কারা মহাপরিদর্শক/ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার |
| ঝ | **কারাগারে উর্ধ্বমূখী সম্প্রসারণ** :ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের ১০০ জন ধারণ ক্ষমতা সম্পন্ন বন্দি ব্যারাক নির্মাণ করা হয়েছে এবং সেখানে বন্দি রাখা হচ্ছে। কারাগারের তিতাস ও মেঘনা ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণের ফলে কারাগারের বন্দি ধারণক্ষমতা ১৭৬ জন বৃদ্ধি পেয়েছে। | ১)ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের উর্ধ্বমূখী সম্প্রসারণ কার্যক্রমের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে সম্পন্ন করতে জেলা প্রশাসক কর্তৃক পরিদর্শন করা এবং বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম কর্তৃক তা নিয়মিত তত্ত্বাবধান করতে হবে। | কারা মহাপরিদর্শক/ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার |

| | | | |
|---|---|---|---|
| ঞ | নারায়ণগঞ্জ জেলা কারাগারের ন্যায় অন্যান্য কারাগারেও অনুরূপ উৎপাদনমুখি কার্যক্রম চালুকরণ : | ১)কেন্দ্রীয় ও জেলা কারাগারে 'রেজিলিয়ান্স-নারায়ণগঞ্জ জেলা কারা গার্মেন্টস ইন্ডাস্ট্রি ও জামদানি উৎপাদন কেন্দ্র'-এর অনুরূপ অথবা সামঞ্জস্যপূর্ণ ট্রেড চালু করতে হবে। | কারা মহাপরিদর্শক/ বিভাগীয় কমিশনার |

| | | | |
|---|---|---|---|
| গ. | **পাসপোর্ট অফিস ভবন নির্মাণ:** আঞ্চলিক পাসপোর্ট অফিস, বাগেরহাটের নতুন ভবন নির্মাণকাজ শেষ হয়েছে। দাপ্তরিক কার্যক্রম চলমান। আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধা এর ভবন নির্মাণের ১ম, ২য় ও ৩য় তলার ছাদ ঢালাইয়ের কাজ শেষ হয়েছে। ব্রিক ওয়ালের কাজ চলছে। হাইকোর্টে জমি অধিগ্রহণ বিষয়ে ৪৯৪৮/২০২০ নং রিট মামলা থাকলেও নিষেধাজ্ঞা না থাকায় কাজ চলমান। জুন, ২০২২-এর মধ্যে নির্মাণকাজ সমাপ্ত করার বিষয়ে প্রকল্প অফিস থেকে গণপূর্ত অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্টের রিট নং ৪৯৪৮/২০২০-এর শুনানীর তারিখ এখনও নির্ধারণ হয়নি। আদালতের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঠাকুরগাঁও এ সরকারি খাস জমি বন্দোবস্তের প্রস্তাব সচিব, ভূমি মন্ত্রণালয় মহোদয় অনুমোদন করেছেন। অর্থছাড় সাপেক্ষে দাবিকৃত অর্থ পরিশোধ করা হবে। | ১)আঞ্চলিক পাসপোর্ট অফিস, বাগেরহাটের নির্মাণকাজ শীঘ্রই সম্পন্ন করত: উক্ত ভবনে কার্যক্রম শুরু করতে হবে।<br>২)আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধার নতুন ভবন নির্মাণের জন্য অধিকৃত জমি সংশ্লিষ্ট রিটের জবাব প্রদানসহ আনুসঙ্গিক বিষয়াদি নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩)আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঠাকুরগাঁও এর ভূমি অধিগ্রহন জটিলতা নিরসনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/ নিরাপত্তা ও ইমিগ্রেশন অনুবিভাগ প্রধান |
| ঘ. | **মিয়ানমার থেকে আগত আশ্রয়প্রার্থী রোহিঙ্গা নাগরিকদের নিবন্ধন:** ক্যাম্প এলাকা ত্যাগ করে কোন রোহিঙ্গা যাতে পাসপোর্টের আবেদন করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও পুলিশ সুপার-কে অনুরোধ করা হয়েছে। | ১)মিয়ানমার থেকে আগত আশ্রয়প্রার্থী রোহিঙ্গা নাগরিক যাতে ক্যাম্প এলাকা ত্যাগ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br>২)মিয়ানমার হতে আগত রোহিঙ্গা আশ্রয়প্রার্থীগণের ক্যাম্পে মাদকবিরোধী কার্যক্রম প্রতিহত করার নিমিত্ত নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ বিভাগীয় কমিশনার (সকল) /নিরাপত্তা ও ইমিগ্রেশন অনুবিভাগ প্রধান |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০১৪.০৬.০০৭.১৭.৯৯

তারিখ: ৬ চৈত্র ১৪২৮
২০ মার্চ ২০২২

বিতরন (জোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/ঢাকা

৩) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মোঃ আবদুল কাদির
উপসচিব

## কারা অধিদপ্তর, ঢাকা

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৩৬.২০২২- ১৭৬ (২৬)

তারিখ: ০৮ বৈশাখ ১৪২৯
২৯ এপ্রিল ২০২২

স্বরাষ্ট্র মন্ত্রণালয়,সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৭.২০১৭-৯৯ তারিখঃ ২০ মার্চ ২০২২ এর অনুলিপি **(১৩ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীসহ)** অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **(ই-মেইল যোগে)** প্রেরণ করা হলো;

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ। কারা অধিদপ্তর সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে উক্ত কার্যবিবরণী **তাঁর অধীনস্থ কারাগারে প্রেরণপূর্বক কারাগার সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করত: বাস্তবায়ন অগ্রগতির একিভূত প্রতিবেদন ১০.৫.২০২২ তারিখের মধ্যে কারা অধিদপ্তর ঢাকায় প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো;**

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার। কারাগার সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্ত মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরি ভিত্তিতে স্বঃ স্বঃ বিভাগীয় কারা উপ মহাপরিদর্শকের দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;

৪। শাখা প্রধান, ইমারত শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। **কারা অধিদপ্তর সংশ্লিষ্ট 'গ, ঙ, চ এবং ঝ' ক্রমিকের সিদ্ধান্তের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন ১০.৫.২০২২ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় হস্তান্তর করার জন্য নির্দেশ প্রদান করা হলো;**

৫। শাখা প্রধান, পরিসংখ্যান শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। **কারা অধিদপ্তর সংশ্লিষ্ট 'খ' এবং 'ছ' ক্রমিকের সিদ্ধান্তের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন ১০.৫.২০২২ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় হস্তান্তর করার জন্য নির্দেশ প্রদান করা হলো;**

৬। শাখা প্রধান, ক্রয়সরবরাহ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। **কারা অধিদপ্তর সংশ্লিষ্ট 'ক এবং 'ঘ' ক্রমিকের সিদ্ধান্তের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন ১০.৫.২০২২ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় হস্তান্তর করার জন্য নির্দেশ প্রদান করা হলো;**

৭। শাখা প্রধান, সংস্থাপন-১ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। **কারা অধিদপ্তর সংশ্লিষ্ট 'জ' ক্রমিকের সিদ্ধান্তের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য সংস্থাপন-১ শাখাকে নির্দেশ প্রদান করা হলো;**

৮। শাখা প্রধান, প্রশিক্ষণ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। **কারা অধিদপ্তর সংশ্লিষ্ট 'ঞ' ক্রমিকের সিদ্ধান্তের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করত: হালনাগাদ অগ্রগতি প্রতিবেদন ১০.৫.২০২২ তারিখের মধ্যে সংস্থাপন-১ শাখায় হস্তান্তর করার জন্য নির্দেশ প্রদান করা হলো;**

১০। গার্ড ফাইল।

মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd